# ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : আনোয়ারুল ইসলাম
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
কাউনিয়া, রংপুর।
তারিখঃ : ২৮/১২/২০২৩খ্রি.।
সময় : দুপুর ১২:০০ ঘটিকা ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটির মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করনে এবং সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর সভায় গত ৩০/১১/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :**

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, উপজেলায় ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। উপজেলা ভাইস চেয়ারম্যানগণের সভাপতিত্বে প্রতি ২ মাস অন্তর ১টি করে সভা আহবান করার বিধান রয়েছে। কিন্তু স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে কোন তথ্য পাওয়া যায় না। তিনি স্থায়ী কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলার ওয়েবসাইটে আপলোডের জন্য সহকারী প্রোগ্রামার, কাউনিয়া, রংপুর নিকট সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে অনুরোধ করেন। | স্থায়ী কমিটির সভা নিয়মিত করে সংশ্লিষ্ট সকলকে সভায় কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | স্থায়ী কমিটি সংশ্লিষ্ট সকল বিভাগ । |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। কোন ইউপি থেকে সভার কার্যবিবরণী পাওয়া না যাওয়ায় উপজেলা নির্বাহী অফিসার দুঃখ প্রকাশ করেন। তিনি ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

**বিভাগ ভিত্তিক আলোচনা :**

**১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:**

| ক্রঃনং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় উপস্থিত থাকলেও কোন কার্যপত্র দাখিল না করায় তাঁর বিভাগের অগ্রগতি কিছু জানা গেল না। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**২.উপজেলা কৃষি বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | নভেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | রবি মৌসুমের বিভিন্ন ফসলের প্রনোদনা বিতরন কার্যক্রম চলমান। উপজেলায় সার সরবরাহ সুষ্ঠুভাবে বিতরণ চলছে। সার নিয়ে কোন সমস্যা বর্তমানে নেই। চরে তরমুজ ও মিষ্টি কুমড়া প্রনোদনা প্রদানের কার্যক্রম চলমান। ৪০ জন তরমুজ ও ১০০ জন মিষ্টিকুমড়া চাষীকে উপকরন বিতরন করা হয়েছে। পরবর্তীতে আরো ৪০ জন তরমুজ ও ১০০ জন মিষ্টিকুমড়া চাষীকে উপকরন বিতরনের জন্য প্রকল্প দাখিল করা হয়েছে। ১ম ধাপে ৭,৫০,০০০/- টাকার উপকরন দেয়া হয়েছে। ২য় ধাপে ৭,৫০,০০০/- টাকার উপকরন দেয়া হবে। | আলোচনান্তে ৪০ জন তরমুজ ও ১০০ জন মিষ্টিকুমড়া চাষীকে উপকরন বিতরন করা হয়েছে। পরবর্তীতে আরো ৪০ জন তরমুজ ও ১০০ জন মিষ্টিকুমড়া চাষীকে উপকরন বিতরনের জন্য প্রকল্প গ্রহণের জন্য দাখিলকৃত ইতোপূর্বে বরাদ্দকৃত (১৫.০০ লক্ষ) ১ম ধাপে ৭,৫০,০০০/-(সাতলক্ষ পঞ্চাশ হাজার)টাকা এবং ২য় ধাপে =৭,৫০,০০০/- (সাতলক্ষ পঞ্চাশ হাজার)টাকা পৃথক পৃথক ভাবে নথি উপজেলা উন্নয়ন তহবিল হতে আরএফকিউ মাধ্যমে প্রকল্প বাস্তবায়ণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার,উপজেলা কৃষি অফিসার ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

**৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:**

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন যে, ভ্যাকসিন কার্যক্রম, খোর্দ্দ ভুতছাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ফিডিং কার্যক্রম, প্রান্তিক খামারীদের মাঝে ফ্রি মেডিকেল ক্যাম্প এর মাধ্যমে চিকিৎসা সেবা কার্যক্রম, ঘাঁসচাষ, গবাদিপ্রাণী ও হাঁস-মুরগীর চিকিৎসা কার্যক্রম,উঠান বৈঠক ও খামারি প্রশিক্ষণ কাজ চলমান রয়েছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

**৪. মৎস্য বিভাগ :**

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, সারাদেশের ন্যায় কাউনিয়া উপজেলায় ০১ নভেম্বর ২০২৩ থেকে জাটকা-ইলিশ সংরক্ষণ অভিযান শুরু হয়েছে যা ৩০ জুন ২০২৪ খ্রি.তারিখ পর্যন্ত চলবে। মৎস্য জীবী/মৎস্যচাষীদের প্রশিক্ষণ প্রদান কার্যক্রম শুরু হয়েছে। অবৈধ ৩২টি চায়না দুয়ারী জাল পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে। এছাড়া মৎস্য সংরক্ষন আইন বাস্তবায়ন অব্যাহত আছে। মৎস্য অধিদপ্তর, ঢাকা থেকে জানানো হয়েছে যে, ০৪ অক্টোবর/২০২৩ এ ভারতের সিকিমে আকস্মিক বন্যায় সামরিক স্থাপনা ক্ষতিগ্রস্থ হওয়ায় অবিস্ফোরিত গোলাবারুদ ভেসে গেছে যা তিস্তা নদীর তলদেশে আটকে থাকার সম্ভাবনা আছে। এ প্রেক্ষিতে নদী সংলগ্ন এলাকায় বসবাসরত জনসাধারন এবং জেলে, জলযানসমূহকে সতর্ক থাকতে বলা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে। | অফিসের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

| | | | |
|---|---|---|---|
| ৫. | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | (নিচের সারণি ও বিবরণ দ্রষ্টব্য) | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর। |

| মাসের নাম | অস্থায়ী পদ্ধতি | | | দীর্ঘমেয়াদী পদ্ধতি | | স্থায়ী পদ্ধতি | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | খাবার বড়ি | কনডম | ইনজেকটেবলস | IUD | ইমপ্ল্যানন | পুরুষ | মহিলা | |
| নভেম্বর/২০২৩ | ৭০৫ | ৮২ | ৫৯২ | ০৫ | ৪৩ | ০০ | ০০ | ১৪২৭ |

১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ করা হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেস ঘোষণা করা হয়েছে।

২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।

৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমূলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।

৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWV ও FWA কতৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।

৫ ।উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৪ জন।

৬ ।বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে।

৬.উপজেলা প্রকৌশল বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকৌশলী জানান যে, কাউনিয়া তকিপল বাজার হতে টেপামধুপুর গামী রাস্তার কাউনিয়া মোফাজ্জল হোসেন সরকারী উচ্চ বিদ্যালয় সংলগ্ন রেললাইন হতে বাসষ্ট্যান্ড পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে সংস্কার ও ড্রেণ নির্মাণের জন্য পল্লী বিদ্যুতের খুঁটি অপসারন প্রয়োজন হেতু ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ কর্তৃক পোল অপসার করে উপজেলা রাজস্ব তহবিল হতে = ১,১১,৪৬১/-টাকার জিএম, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বরাবর চেক প্রদান করা হয়েছে। (যার ভাউচার জমা করা হয়েছে)। অনুমোদনের জন্য পেশ করেন।এছাড়া তিনি আরো জানান যে, কাউনিয়া মুক্তিযোদ্ধা কমপ্লেক্স দীর্ঘদিন যাবৎ পড়ে থাকার কারনে সংস্কার করা প্রয়োজন। বর্তমানে কমপ্লেক্স ভবনটি ভাড়া প্রদানের পূর্বে মেরামত করা প্রয়োজন। এতে প্রায় ১,৫০,০০০/-টাকার প্রয়োজন। | সভায় আলোচনান্তে কাউনিয়া তকিপল বাজার হতে টেপামধুপুর গামী রাস্তার কাউনিয়া মোফাজ্জল হোসেন সরকারী উচ্চ বিদ্যালয় সংলগ্ন রেললাইন হতে বাসষ্ট্যান্ড পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে সংস্কারর ও ড্রেণ নির্মাণের জন্য পল্লী বিদ্যুতের খুঁটি অপসারন পোল অপসারনে প্রদানকৃত =১,১১,৪৬১/ -টাকা (এক লক্ষ এগার হাজার=চারশত একষট্টি টাকা রাজস্ব তহবিল হতে চেক জিএম, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ পাগলাপীরকে প্রদানের অনুমোদর সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া মুক্তিযোদ্ধা কমপ্লেক্স মেরামত করে প্রাক্কলণ প্রস্তত করে প্রাক্কলন মোতাবেক ব্যয়ভার উপজেলা উন্নয়ন তহবিল হতে ভাউচার জমা করে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী ও ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি-কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, সারা দেশের ন্যয় অত্র উপজেলায় ও মাধ্যমিক পর্যায়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক আসছে। এ পর্যন্ত মাধ্যমিক পর্যায়ে ৫৬%, দাখিল পর্যায়ে ৭৮.৫৩% এবং এবতেদায়ী পর্যায়ে ১০০% বই এসে পৌছেছে। বইসমূহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ করা হয়েছে। আগামী ০১ জানুয়ারি ২০২৪ তারিখ "বই উৎসব" উদযাপন এর মাধ্যমে সকল শিক্ষার্থীদের হাতে বই তুলে দেয়া হবে। এ ছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজ সেবা অফিসার ,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর /২০২৩ ইং পর্যন্ত ৯০জন যুবক/যুব মহিলাকে প্রশিক্ষন প্রদান করা হয়েছে। এ ছাড়া ২০জন যুবক/যুব মহিলাকে বায়োগ্যাস প্লান্ট স্থাপন বিষয়ক প্রশিক্ষন দেয়া হয়েছে। তিনি আরো জানান যে যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের অধীনে যুব কল্যান তহবিল অনুদান গ্রহনের আবেদন পত্র আহবান করা হয়েছে। তিনি এ বিষয়ে সম্মানিত সকল চেয়ারম্যানগনের কাছে বিষয়টি তুলে ধরেন এবং স্ব-স্ব ইউনিয়নের যুব সংগঠনকে আবেদন অনলাইনে করার জন্য অবগত করার জন্য অনুরোধ জানান। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩। | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। সুফলভোগী সদ্যসদের প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও সঞ্চয় আদায় স্বাভাবিকভাবে চলমান রয়েছে। গত অর্থ বছরের অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। ইরেসপো প্রকল্পের উপকারভোগী সদস্যদের টুপি তৈরী বিষয়ক ৩ দিন ব্যাপি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। উদ্যোক্তা ঋণ বিতরণ ও আদায় সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | নভেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক, সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। কোথাও কোনো সমস্যা নাই। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা,বনবিভাগ কাউনিয়া,রংপুর সভায় জানান যে সিংহেরকুড়া রাস্তায় গাছ পরিমাপ কাজ চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্য(অতিঃদাঃ), সভায় জানান যে, চরটাবু হায়বৎখা সঃ প্রাঃ বিঃ এর নতুন বিল্ডিংয়ের সাথে দ্বিতল ওয়াশব্লক নির্মাণ করা হবে। ওয়াশব্লক নির্মাণের জন্য জরুরী ভিত্তিতে পুরাতন বিল্ডিং অপসারণ করা প্রয়োজন। এছাড়াও ১৫৬টি পানির উৎসের কাজ ও ১২ টি ওয়াশব্লকের কাজ চলমান রয়েছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্য কাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি ঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| | নভেম্বর/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম কাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

১৮. আনসার ভিডিপি বিভাগঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে,বিভাগীয় অন্যান্য কাজক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা আনসার ভিডিপি অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৯. তথ্য আপা তথ্য সেবা :-

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | নভেম্বর/২০২৩ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | তথ্য আপাঃ তথ্যসেবা কর্মকর্তা সভায় বলেন যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়ে)এর তথ্যকেন্দ্র,কাউনিয়া রংপুরে সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আগামী সভার পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রেরণ অথবা দাপ্তরিক মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | তথ্য আপা তথ্য কেন্দ্র,সেবা কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২০.উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | ডিসেম্বর/২০২৩ খ্রিঃ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প INF-2021-22-558542-02 কাউনিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বৈজ্ঞানিক সরঞ্জাম ও র‍্যাক সরবরাহ বিষয়ে স্থায়ী কমিটির প্রস্তাবমতে উপজেলা যাচাই বাছাই কমিটিতে গৃহীত হয়েছে। যা মাসিক সভায় অনুমোদন করা জন্য উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর উপস্থাপন করেন। বরাদ্দকৃত অর্থ নীট =১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা। | ইউজিডিপি এর আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প কাউনিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও র‍্যাক সরবরাহ প্রকল্পটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, ইউজিডিপি, কাউনিয়া, রংপুর। |

**বিবিধ বিষয়:**

মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ বলেন যে, উপজেলা কমিটি ২মাসে ০১টি সভা হয়। তিনি তাঁর যে সকল বিভাগে ০৮টি কমিটির সভাপতি তিনি সকল বিভাগীয় কর্মকর্তাগণকে সভার রেজুলেশন জমা দেওয়ার জন্য অনুরোধ জানান। তিনি আরো জানান যে, জুলাই/২৩ হতে ডিসেম্বর/২৩ ০৬মাসের ভ্রমণ ভাতা মোট=৬৪,৪০০/-টাকা অনুমোদনের জন্য অনুরোধ করেন।

ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আব্দুর রাজ্জাক, জানুয়ারি/২৩ হতে নভেম্বর/২৩ ১১ মাসের ভ্রমণ বিল =১,২৩,৯০০/-টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন।

সভায় মহিলা ভাইস চেয়ারম্যান,জুলাই/২৩ হতে ডিসেম্বর/২৩= ৬৪,৪০০/-টাকা এবং ভাইস চেয়ারম্যান,জানুয়ারি/২৩ হতে নভেম্বর/২৩ ১১ মাসের ভ্রমণ বিল =১,২৩,৯০০/-টাকার বিল রাজস্ব তহবিল হতে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান,কুর্শা ইউপি বলেন যে,জুম্মাপাড় বাজার থেকে বিষ্ণুপুর সরঃপ্রাঃ বিদ্যালয় হয়ে কুর্শা উচ্চ বিদ্যালয় পর্যন্ত রাস্তা পাকা করনঃ(১৮৫৪২৪০৭২),নুর ইসলাম মোড় হতে চেয়ারম্যান জামে মসজিদ পর্যন্ত রাস্তা পাকা করণ (১৮৫৪২৫১০৮),মীরবাগ বাসষ্ট্যান্ডে পাবলিক টয়লেট নির্মাণ,বেইলি ব্রীজ এগ্রিকালচার এন্ড পলিটেকনিক ইন্সটিটিউট পাবলিক টয়লেট নির্মাণ,পূর্ব চানঘাট মিয়াপাড়া রহমানিয়া এবদায়ী মাদ্রাসা পাবলিক টয়লেট নির্মাণ,রামচন্দ্রপুর মসজিদের পাবলিক টয়লেট নির্মাণের জন্য নন-মিউনিসিপ্যাল প্রকল্পের আওতায় প্রকল্প সমূহ তালিকা বিষয়ে আলোচনা করেন।

বিভাগীয় আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া ও সভাপতি, উপজেলা পরিষদ সভা কমিটি, কাউনিয়া, রংপুরকে তাঁর মূল্যবান বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করেন। সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং কাউনিয়া উপজেলা পরিষদের উন্নয়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন । এছাড়া সকল বিষয়ে আলোচনার মাধ্যমে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২৩

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৩- 28 (৫০)　　　　তারিখঃ ১১/০১/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ........................................................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ............................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

MHaque
১১/০১/24

(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd

E:\Akmol\Upzilla Rejulation\UPAZILA REJU-1.doc